বাংলাদেশ তাঁত বোর্ড
বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯, কাওরান বাজার
ঢাকা-১২১৫।
www.bhb.gov.bd

স্মারক নং-২৪.০৫.০০০০.০০০.৫২২.৪১.০১০৯.২৫- ১১৫

তারিখঃ ২৩ আষাঢ় ১৪৩৩
০৭ জুলাই ২০২৬

**বিষয়ঃ স্যুভেনির/ম্যাগাজিন প্রকাশের নিমিত্ত লেখা আহ্বান সংক্রান্ত পুনঃবিজ্ঞপ্তি।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ তাঁত বোর্ড হতে তাঁতশিল্পের ইতিহাস, ঐতিহ্য, উন্নয়ন, তাঁতশিল্পীদের জীবনধারা, উদ্যোক্তা উন্নয়ন, GI নিবন্ধন, দেশ-বিদেশে তাঁতবস্ত্রের বাজার সম্প্রসারণ এবং বাংলাদেশে তাঁতশিল্পে ভবিষ্যৎ কৌশলগত পরিকল্পনা বিষয়ক একটি মানসম্মত ও সচিত্র স্যুভেনির প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত স্যুভেনিরে প্রকাশের লক্ষ্যে বাংলাদেশ তাঁত বোর্ডের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারী, সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ, তাঁতশিল্প নিয়ে কাজ করা গবেষক, তাঁত উদ্যোক্তা, রপ্তানিকারক এবং সংশ্লিষ্ট অংশীজনদের নিকট থেকে পুনরায় তাঁতশিল্প বিষয়ক মৌলিক, তথ্যভিত্তিক ও বিশ্লেষণধর্মী লেখা আহ্বান করা যাচ্ছে।

**লেখার সম্ভাব্য বিষয়সমূহঃ** ১) বাংলাদেশের তাঁতশিল্পের ইতিহাস ও ঐতিহ্য; ২) তাঁতজাত GI পণ্য এবং বিভিন্ন তাঁতবস্ত্রের সচিত্র বৈশিষ্ট্য; ৩) তাঁতশিল্পীদের জীবন ও কর্মপ্রবাহ; ৪) সফল তাঁত উদ্যোক্তার অভিজ্ঞতা; ৫) তাঁতশিল্পের বাজার সম্প্রসারণ ও রপ্তানি সম্ভাবনা; ৬) প্রযুক্তি, নকশা ও উদ্ভাবন; ৭) কুটির ও ক্ষুদ্র শিল্প হিসেবে তাঁতশিল্পের সম্ভাবনা; ৮) বাংলাদেশ তাঁত বোর্ডের কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা ৯) তাঁত ও তাঁতজাত পণ্যের বহুমাত্রিকতা ও ১০) তাঁত, তাঁতবস্ত্র ও তাঁত শিল্পীদের নিয়ে স্বরচিত কবিতা, গল্প/প্রবন্ধ ইত্যাদি।

লেখা অবশ্যই মৌলিক ও অপ্রকাশিত হতে হবে। শব্দসংখ্যা: ১০০০ থেকে ২৫০০ শব্দ (প্রয়োজনে ব্যতিক্রম বিবেচ্য)। লেখায় সাধু ও চলিত ভাষার মিশ্রণ করা যাবে না। লেখার ফন্ট: ইউনিকোড (MS Word) ফরম্যাটে। লেখকের পূর্ণ নাম, পদবি, প্রতিষ্ঠান, মোবাইল নম্বর ও ই-মেইল উল্লেখ করতে হবে। প্রয়োজনে প্রাসঙ্গিক ছবি/তথ্যসূত্র সংযুক্ত করা যাবে। লেখার সফটকপি ও হার্ডকপি উভয়ই প্রেরণ করতে হবে। লেখা প্রেরণের শেষ তারিখঃ **২৭ জুলাই ২০২৬**। সফটকপি প্রেরণের ঠিকানা/ই-মেইল: abadotbhb1988@gmail.com ডাকযোগেঃ ব্যবস্থাপক (মার্কেটিং) ও সদস্য-সচিব, স্যুভেনির/ম্যাগাজিন প্রকাশনা কমিটি, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন (৫ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫। প্রাপ্ত লেখাসমূহ সম্পাদকীয় বোর্ড কর্তৃক যাচাই ও সম্পাদনা সাপেক্ষে প্রকাশিত হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে কোন লেখা নির্বাচন, সম্পাদনা বা প্রকাশ না করার অধিকার সংরক্ষণ করে। সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত তারিখের মধ্যে লেখা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৭.০৭.২৬
(মোঃ এবাদত হোসেন)
ব্যবস্থাপক (মার্কেটিং)
ও
সদস্য-সচিব, স্যুভেনির/ম্যাগাজিন প্রকাশনা কমিটি
বাংলাদেশ তাঁত বোর্ড
মোবাইল নং ০১৮৭০-৬১৪৯৯৮

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১-৪। সদস্য (পরিঃ ও বাস্তঃ/অর্থ/ওএন্ডএম/এসএন্ডএম), বাতাঁবো, ঢাকা।
০৫। বিভাগ/অনুবিভাগ/শাখা প্রধান (সকল) ........................................ বাতাঁবো, ঢাকা [তাঁর অধীন প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ]
০৬। প্রকল্প পরিচাক (সকল)........................................ বাতাঁবো, ঢাকা (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।
০৭। অধ্যক্ষ, বাতাঁশিপ্রই, নরসিংদী/ ফ্যাশন ডিজাইন ট্রেনিং ইনস্টিটিউট, নরসিংদী/ নরসিংদী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, নরসিংদী।(তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারী/শিক্ষার্থীকে অবহিত করার অনুরোধসহ)।
০৮। প্রশাসক, বাংলাদেশ জাতীয় তাঁতি সমিতি লিমিটেড, কাওরান বাজার, ঢাকা।
০৯। ব্যবস্থাপক, টিএফসি, শাহজাদপুর (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।

১০। সহকারী মহাব্যবস্থাপক, সিপিসি, মাধবদী, নরসিংদী/সহকারী মহাব্যবস্থাপক, এসএফসি, কুমারখালী, কুষ্টিয়া (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।

১১। সিনিয়র ইন্সট্রাক্টর/ইন্সট্রাক্টর, ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ উপকেন্দ্র, বেলকুচি/কালিহাতি/কমলগঞ্জ (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।

১২। ইন্সট্রাক্টর, তাঁত প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর/সিলেট (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।

১৩। প্রশিক্ষক, তাঁত প্রশিক্ষণ উপকেন্দ্র, বেড়া, পাবনা (তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।

১৪। লিয়াজোঁ অফিসার/ভারপ্রাপ্ত লিয়াজোঁ অফিসার, বেসিক সেন্টার/সাব-বেসিক সেন্টার (সকল)........................(তাঁর অধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে অবহিত করার অনুরোধসহ)।

১৫। জনসংযোগ কর্মকর্তা, বাতাঁবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাতাঁবোর ফেসবুক পেইজে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৬। আইসিটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাতাঁবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি বাতাঁবোর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১৭। ..............................................................................

১৮। অফিস কপি

**<u>অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)</u>**

১। সদস্য (পরিঃ ও বাস্তঃ) ও আহ্বায়ক, স্যুভেনির/ম্যাগাজিন প্রকাশনা কমিটি, বাতাঁবো, ঢাকা।

২। সমন্বয় কর্মকর্তা, বাতাঁবো, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

07.07.25

মোঃ এবাদত হোসেন
ব্যবস্থাপক (মার্কেটিং)